115 mm X 290 mm

CODRYL®

Gefapixant Citrate INN

Composition

CODRYL® Tablet: Each coated tablet contains Gefapixant 45 mg as Gefapixant Citrate INN.

Pharmacology

CODRYL® is a preparation of Gefapixant which is a selective antagonist of the P2X3 receptor. P2X3-containing receptors belong to the family of purinergic receptors and are ATP-dependent ion channels, which are also located on sensory C-fibers of the vagus nerve in the airways. C-fibers are activated in response to inflammation or chemical irritants. Under inflammatory conditions, ATP is released by mucosal cells of the respiratory tract. The binding of extracellular ATP to P2X3 receptors is recognized by C-fibers as a damage signal and is perceived as a coughing stimulus, which in turn triggers a cough reflex. Gefapixant blocks ATP-mediated activation of P2X3 receptors, which are thought to be responsible for chronic cough.

Indication

CODRYL® is indicated for the treatment of refractory chronic cough (RCC) or unexplained chronic cough (UCC) in adults.

Dose and administration

Route of administration: **CODRYL®** should be taken in oral route with or without food.
Recommended dose of **CODRYL®** is one 45 mg tablet twice daily.
If a dose is missed, patients should be advised to skip it and take the next dose at the regular time.

Renal impairment

The recommended dose of **CODRYL®** in patients with severe renal impairment (eGFR < 30 ml/min/1.73 m^2), not requiring dialysis, is one 45 mg tablet once daily. Insufficient data are available in patients with end stage renal disease requiring dialysis.

Contraindication

It is contraindicated in patients with known hypersensitivity to gefapixant or any other components of this product.

Warning and precaution

Gefapixant should be used with caution in patients with known hypersensitivity to sulfonamides. For patients of RCC/UCC with comorbid OSA, gefapixant should not be used.

Side effects

The most common side effects are upper respiratory tract infection, decreased appetite, dysgeusia, ageusia, hypogeusia, taste disorder, dizziness, cough, oropharyngeal pain, nausea, diarrhea, dry mouth, salivary hypersecretion, upper abdominal pain, hypoesthesia oral and paresthesia oral.

Use in pregnancy and lactation

Pregnancy: There are no well controlled studies of use of gefapixant during pregnancy.

Lactation: There is no information regarding the presence of gefapixant in human milk, the effects on the breastfed infant or the effects on milk production.

Use in children and adolescents

The safety and effectiveness in children and adolescents below 18 years of age have not been established.

Drug interaction

Drug interaction with medication: No significant interaction has been reported.

Drug interaction with food and others: Not applicable.

Overdose

In case of overdose, general supportive measures and proper monitoring should be initiated.

Storage

Store below 30°C in a dry place, protected from light. Keep away from the reach of children.

Packing

CODRYL® Tablet: Carton of 10 tablets in blister pack.

® Registered Trade Mark

Advanced Chemical Industries PLC.
7, Hajeegonj Road, Godnyl
Narayanganj, Bangladesh

031197

কড্রিল®

জেফাপিক্স্যান্ট সাইট্রেট আইএনএন

উপাদান

কড্রিল® ট্যাবলেটঃ প্রতিটি আবরিত ট্যাবলেটে আছে জেফাপিক্স্যান্ট সাইট্রেট আইএনএন হিসাবে জেফাপিক্স্যান্ট ৪৫ মিগ্রা।

ফার্মাকোলজি

কড্রিল® হলো জেফাপিক্স্যান্ট দ্বারা তৈরি যা P2X3 রিসেপ্টরের একটি সিলেক্টিভ এন্টাগনিস্ট। P2X3-ধারণকারী রিসেপ্টর পিউরিনার্জিক রিসেপ্টর পরিবারের অন্তর্ভুক্ত এবং ATP নির্ভর আয়ন চ্যানেল, যা শ্বাসনালীতে ভেগাস স্নায়ুর সংবেদনশীল সি-ফাইবারে অবস্থিত। সি-ফাইবার প্রদাহ বা রাসায়নিক উত্তেজকের প্রতিক্রিয়া হিসাবে সক্রিয় হয়। প্রদাহজনিত অবস্থায়, ATP শ্বাসযন্ত্রের মিউকোসাল কোষ থেকে নির্গত হয়। P2X3 রিসেপ্টরের সাথে এক্সট্রা সেলুলার ATP এর বন্ধন, সি-ফাইবার একটি ড্যামেজ সিগনাল হিসাবে গ্রহণ করে, ফলে কাশির উদ্দীপনা অনুভূত হয়। জেফাপিক্স্যান্ট P2X3 রিসেপ্টরের ATP নিয়ন্ত্রিত সক্রিয়করণকে বাধা প্রদান করে, যা ক্রনিক কাশির জন্য দায়ী বলে মনে করা হয়।

নির্দেশনা

কড্রিল® প্রাপ্তবয়স্কদের অনিয়ন্ত্রিত ক্রনিক কাশি (RCC) বা যথাযথ ব্যাখ্যা পাওয়া যায় না এমন ক্রনিক কাশির (UCC) চিকিৎসায় নির্দেশিত।

সেবনমাত্রা ও প্রয়োগবিধি

ওষুধ গ্রহণের পথঃ **কড্রিল®** খাওয়ার আগে বা পরে মুখে গ্রহণ করতে হবে।
কড্রিল® এর নির্দেশিত মাত্রা একটি ৪৫ মিগ্রা ট্যাবলেট দিনে দুইবার।
যদি একটি মাত্রা বাদ পড়ে তাহলে রোগীকে উক্ত মাত্রা বাদ দিয়ে পরবর্তী মাত্রা নির্ধারিত সময়ে গ্রহণের নির্দেশনা দিতে হবে।

বৃক্কীয় অকার্যকারিতায়

গুরুতর বৃক্কীয় অকার্যকারিতার রোগী (eGFR <৩০ মিলি/মিনিট/১.৭৩ মি^{২}), যাদের ডায়ালাইসিস গ্রহণের প্রয়োজন নেই তাদের ক্ষেত্রে **কড্রিল®** এর নির্দেশিত মাত্রা একটি ৪৫ মিগ্রা ট্যাবলেট দিনে একবার। শেষ পর্যায়ের বৃক্কীয় অকার্যকারিতায় ডায়ালাইসিস গ্রহণকারী রোগীদের ক্ষেত্রে ব্যবহারের পর্যাপ্ত তথ্য পাওয়া যায়নি।

প্রতিনির্দেশনা

যেসব রোগীদের জেফাপিক্স্যান্ট বা এই ওষুধের অন্যান্য উপাদানের প্রতি অতিসংবেদনশীলতা রয়েছে তাদের ক্ষেত্রে এটি প্রতিনির্দেশিত।

সাবধানতা ও সচেতনতা

যেসব রোগীদের সালফোনামাইডের প্রতি অতিসংবেদনশীলতা রয়েছে তাদের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে। কোমরবিড OSA এর রোগীদের RCC/UCC এর চিকিৎসায় এটি ব্যবহার করা যাবে না।

পার্শ্ব প্রতিক্রিয়া

সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াসমূহ হলো উর্ধ্বশ্বাসনালীর সংক্রমণ, ক্ষুধামন্দা, ডিসগিউসিয়া, এগিউসিয়া, হাইপোগিউসিয়া, স্বাদহীনতা, মাথাঘোরা, কাশি, ওরোফ্যারিঞ্জিয়াল পেইন, বমি বমি ভাব, ডায়রিয়া, মুখগহ্বরের শুষ্কতা, অতিরিক্ত লালারস ক্ষরণ, পেটের উপরিভাগে ব্যথা, ওরাল হাইপোস্থেসিয়া এবং ওরাল প্যারেস্থেসিয়া।

গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার

গর্ভাবস্থায়ঃ গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে জেফাপিক্স্যান্ট এর ব্যবহার সম্পর্কিত সুনির্দিষ্ট গবেষণামূলক তথ্য পাওয়া যায়নি।

স্তন্যদানকালেঃ মাতৃদুগ্ধে জেফাপিক্স্যান্ট এর উপস্থিতি বা মাতৃদুগ্ধ উৎপাদন ও দুধ পানকারী শিশুর উপর এর প্রভাব সম্পর্কিত কোন তথ্য পাওয়া যায়নি।

শিশু ও কিশোরদের ক্ষেত্রে ব্যবহার

১৮ বছর বয়সের কমবয়সী শিশু ও কিশোরদের ক্ষেত্রে এর নিরাপদ ব্যবহার ও কার্যকারিতা প্রতিষ্ঠিত হয়নি।

ওষুধের প্রতিক্রিয়া

অন্য ওষুধের সাথেঃ অন্য ওষুধের সাথে গুরুতর প্রতিক্রিয়া সম্পর্কিত কোন তথ্য পাওয়া যায়নি।

খাবার এবং অন্য কিছুর সাথেঃ প্রযোজ্য নয়।

মাত্রাধিক্য

মাত্রাধিক্যের ক্ষেত্রে যথাযথ পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সহায়ক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সংরক্ষণ

আলো থেকে দূরে, ৩০°সে. এর নিচে ও শুষ্ক স্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

প্যাকিং

কড্রিল® ট্যাবলেটঃ প্রতি কার্টুনে ১০ টি ট্যাবলেট ব্লিস্টার প্যাকে সরবরাহ করা হয়।

® রেজিস্টার্ড ট্রেড মার্ক

এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ পিএলসি.
৭, হাজীগঞ্জ রোড, গোদনাইল
নারায়ণগঞ্জ, বাংলাদেশ